# মেহেরপুর সদর উপজেলা পরিষদের অক্টোবর- ২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ইয়ারুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ, মেহেরপুর সদর |
| সভার তারিখ ও সময় | : ১৪/১০/২০২১ খ্রি., বেলা- ১১.০০ ঘটিকা |
| উপস্থিত সদস্যদের নাম | : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০০ **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :**

গত ১৬/০৯/২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়।

৩.০০ **স্থায়ী কমিটি সমূহের কার্যবিবরণী পর্যালোচনা :**

সভায় আলোচনার জন্য অক্টোবর- ২০২১ মাসে নিম্নবর্ণিত ০১ টি স্থায়ী কমিটির কার্যবিবরণী পাওয়া গিয়েছে।

| স্থায়ী কমিটির আলোচনা | সুপারিশ / সিদ্ধান্ত |
|---|---|
| ০১। **যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি :**<br><br>গত ১৯/০৯/২০২১ খ্রি. তারিখে যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় জানান যে, উপজেলা পরিষদের ইউটিডিসি ভবন হতে নতুন প্রশাসনিক ভবন পর্যন্ত অভ্যন্তরিন সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন করা প্রয়োজন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উল্লিখিত রাস্তাটি আরসিসি করণ প্রকল্প গ্রহণের জন্য সুপারিশ করা হয়। |

<u>সিদ্ধান্ত :</u> উপজেলা পরিষদের স্থায়ী কমিটির নির্ধারিত সভা করে সুনির্দিষ্ট প্রস্তাব পেশসহ সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য স্ব স্ব কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।

৪.০০ (ক) **বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি):**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর এর আওতায় ১ম কিস্তিতে ২২.২১ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইহাছাড়া করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান, পালস্ অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/ সেবা প্রদান) গ্রহণের জন্য ৩.৯১ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ২০২১-২২ অর্থ বছরে এডিপি'র সম্ভাব্য ৪কিস্তির বরাদ্দ =৪*২২,২১,০০০.০০=৮৮,৮৪,০০০.০০ + করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহনর জন্য ৩,৯১,০০০.০০ + রাজস্ব উদ্বৃত্ত ৭৪,০২,৭২২.৪৪ টাকা সর্বমোট= ১,৬৬,৭৭,৭২২.৪৪ টাকার প্রকল্প গ্রহণ করা যেতে পারে। গত ২৬/০৮/২০২১ খ্রি. তারিখ এবং ১৬/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় আগামী ১৫ দিনের মধ্যে (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান জনগুরুত্বপূর্ণ প্রকল্প সমূহ (খ) উপজেলা পরিষদে ন্যস্ত বিভাগীয় দপ্তরের বিভাগীয় প্রধানগণ আন্তঃ ইউনিয়ন প্রকল্প সমূহ এবং বিভাগীয় প্রকল্প সমূহ ও (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের আহ্বান করে তাদের উপস্থিতিতে প্রণীত উন্নয়ন প্রকল্পগুলো খাতওয়ারী পরীক্ষা ও বাছাই পূর্বক উপজেলা পরিষদে পেশ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। এ পর্যন্ত মাত্র ০৪ টি ইউনিয়ন যথাক্রমে পিরোজপুর, আমঝুপী, কুতুবপুর ও বুড়িপোতা থেকে প্রকল্প প্রস্তাব পাওয়া গিয়েছে। সমস্ত প্রকল্প প্রস্তাব না পাওয়া পর্যন্ত উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভা করা যাচ্ছে না। এব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি পুনঃরায় এ সভায় প্রস্তাব রাখেন।

<u>**সিদ্ধান্ত:**</u> বিস্তারিত আলোচনান্তে আগামী পনের দিনের মধ্যে (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান জনগুরুত্বপূর্ণ প্রকল্প সমূহ (খ) উপজেলা পরিষদে ন্যস্ত বিভাগীয় দপ্তরের বিভাগীয় প্রধানগণ আন্তঃ ইউনিয়ন প্রকল্প সমূহ এবং বিভাগীয় প্রকল্প সমূহ ও (গ) অবশিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য ও স্থনীয় গণ্যমান্য ব্যক্তিদের আহ্বান করে তাদের উপস্থিতিতে প্রণীত উন্নয়ন প্রকল্পগুলো খাতওয়ারী পরীক্ষা ও বাছাই পূর্বক উপজেলা পরিষদে পেশ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো। এব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়।

**(খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় জানান যে, প্রকল্প পরিচালক, অতিরিক্ত সচিব, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প মহোদয়ের ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৪).২০২০-৩৩৯৪ নং স্মারকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২১) সক্ষমতা মূল্যায়নে মেহেরপুর সদর উপজেলা মনোনীত হওয়ায় অভিনন্দন জানিয়েছেন। একইসাথে বাছাইকৃত উপজেলায় মোট ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হবে, তন্মধ্যে ১০.০০ লক্ষ টাকা সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য অগ্রিম হিসাবে এবং অবশিষ্ট ৪০.০০ লক্ষ টাকা অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হবে মর্মে উল্লেখ আছে। এছাড়া প্রকল্প পরিচালক, অতিরিক্ত সচিব, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প মহোদয়ের ১০/০৮/২০২১ খ্রি. তারিখের ৪৬. ৬০০.০০২.০০.০০.০৩৫(৪). ২০১৯-১৬১/২ নং স্মারকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে অত্র উপজেলায় অতিরিক্ত ১০.০০ (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদন দেয়া হয়েছে মর্মে জানানো হয়েছে। যথাযথ নিয়মাবলী অনুসরণ করে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য ১০.০০ লক্ষ টাকা এবং অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উপ-প্রকল্প প্রস্তাব প্রনয়ণ করে ৩০/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য বলা হয়েছে। গত ২৬/০৮/২০২১ খ্রি. তারিখ ও ১৬/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় আগামী ১৫দিনের মধ্যে (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান জনগুরুত্বপূর্ণ প্রকল্প সমূহ (খ) উপজেলা পরিষদে ন্যস্ত বিভাগীয় দপ্তরের বিভাগীয় প্রধানগণ আন্তঃ ইউনিয়ন প্রকল্প সমূহ এবং বিভাগীয় প্রকল্প সমূহ ও (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য ও স্থনীয় গণ্যমান্য ব্যক্তিদের আহ্বান করে তাদের উপস্থিতিতে প্রণীত উন্নয়ন প্রকল্পগুলো খাতওয়ারী পরীক্ষা ও বাছাই পূর্বক উপজেলা পরিষদে পেশ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। কিন্ত কোন প্রকল্প প্রস্তাব পাওয়া যায়নি। এব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি পুনঃরায় এ সভায় প্রস্তাব রাখেন।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে আগামী পনের দিনের মধ্যে (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান জনগুরুত্বপূর্ণ প্রকল্প সমূহ (খ) উপজেলা পরিষদে ন্যস্ত বিভাগীয় দপ্তরের বিভাগীয় প্রধানগণ আন্তঃ ইউনিয়ন প্রকল্প সমূহ এবং বিভাগীয় প্রকল্প সমূহ ও (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য ও স্থনীয় গণ্যমান্য ব্যক্তিদের আহ্বান করে তাদের উপস্থিতিতে প্রণীত উন্নয়ন প্রকল্পগুলো খাতওয়ারী পরীক্ষা ও বাছাই পূর্বক উপজেলা পরিষদে পেশ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো। এব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়।

**৫.০০ হস্তান্তরিত বিভাগ সমূহের কার্যাবলী :**

| বিভাগীয় কার্যক্রম আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ০১। **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় সেপ্টেম্বর-২০২১ মাসের নিম্নরুপ প্রতিবেদন দাখিল করেন।<br>ক) বর্হিবিভাগের রোগীকে সেবা প্রদান : ২৮৮৩ জন<br>খ) কমিউনিটি ক্লিনিকসমূহের সেবা প্রদান : ২১১০৪ জন<br>গ) টিকা প্রদান : বিসিজি-৩৭২, এম আর ১= ৩৭৪, ২য় এমআর-৩৬২, জন সহ স্বাস্থ্য শিক্ষা, আর্সেনিকোসিস সেবা, ডায়রিয়া, নিউমোনিয়া, সর্দি-জ্বর, মাতৃ সেবা, যক্ষা রোগীসহ সকল ধরণের সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০২। **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :**<br>ক) স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতিতে (আই,ইউ,ডি ও ইমপ্লান্ট) মোট : ১৪৪৯ জনকে স্থায়ী ও ৬৪৯১ জনকে অস্থায়ী পদ্ধতি গ্রহণ করানো হয়েছে।<br>খ) গর্ভবতীর যত্ন, নিরাপদ প্রসব, গর্ভোত্তর যত্ন ও শিশু পরিচর্যা করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৩। **উপজেলা কৃষি দপ্তর:**<br>উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর উপজেলায় এ বছর মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক এবং আশানুরুপ ফলন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ উপজেলায় ০১। রবি/২০২১-২২ মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় ১৮৩০ জন গম, ১৯০০ জন ভূট্টা, ১৩০০ জন সরিষা, ১৯৫ জন শীতকালীন পেঁয়াজ, ৫০০ জন মসুর ও ১০০ জনর মুগ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের বরাদ্দ পাওয়া গেছে। ০২। মেহেরপুর সদর উপজেলায় ২০২১-২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় ১৫৫ | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |

| | |
|---|---|
| জন গ্রীষ্মকালীন পেঁয়াজ, ৪০ জন নাবী পাট বীজ ও ২৯০ জন মাসকলাই আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ সম্পন্ন হয়েছে। ০৩। খরিফ-২/২০২১-২০২২ মৌসুমে মেহেরপুর সদর উপজেলায় রোপা আমন ধান ৯৬২০ হে: আবাদ হয়েছে। আগাম সবজি ২০০০ হে: আবাদ হয়েছে। আগাম সবজি রোপণ কার্যক্রম চলমান রয়েছে। ০৪। বাজারে সার, বীজ ও বালাইনাশক মজুদ ও সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক ও পর্যাপ্ত এবং মনিটরিং অব্যাহত আছে। ০৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ধারাবাহিকভাবে প্রতিটি ইউনিয়নে ১০০ টি করে বসতবাড়িতে ১.৫ শতক জমিতে কালিকাপুর মডেলে পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী যে সকল গৃহহীনদের গৃহ দিয়েছেন তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন প্রদর্শনী প্রদান করতে হবে। | |
| ০৪। **উপজেলা মৎস্য দপ্তর :**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, পরিবেশবান্ধব লাগসই প্রযুক্তি চাষীদের মাঝে হস্তান্তরের নিমিত্ত নিয়মিত মৎস্যচাষীদের ২৫ টি পুকুর পরিদর্শন ও ১০ জনকে পরামর্শ প্রদান, প্রশিক্ষণ কার্যক্রম, ঋণ প্রদানে সহযোগিতা ছাড়াও হাট-বাজার পরিদর্শনসহ মৎস্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৫। **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর :**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, গবাদি পশু ও হাঁস-মুরগীর রোগ প্রতিরোধের লক্ষ্যে গবাদি পশুর ৬০২৪ টিকা ও হাঁস-মুরগীর ৮৭০০০ মাত্রা টিকা প্রয়োগ করা হয়েছে। ২৮৯৫ টি গবাদি পশু ও ১৭৭৬০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। উন্নত জাতের বকনা /এঁড়ে গরু তৈরী করার লক্ষ্যে ৬১০ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়।এছাড়াও টিকাবীজ ও কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৫৪,৪১৫/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাছাড়াও ১২ টি গবাদি পশু ও মুরগী খামার পরিদর্শন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৬। **উপজেলা শিক্ষা দপ্তর:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, শিখন শেখানো কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ সংক্রান্ত বিদ্যালয় খুলে দেওয়ায় বিদ্যালয়ের শ্রেণি কক্ষে শ্রেণি পাঠদান কার্যক্রম পরিচালনা হচ্ছে। ২০২২ সালের প্রাপ্ত বই ও খাতা শুধুমাত্র প্রাক-প্রাথমিক শ্রেণির ৪৭১০ টি খাতা পেয়েছি। অবশিষ্ট বই অতি শীঘ্রই চলে আসবে। ১০৮ টি সরকারি, ১ টি শিশু কল্যাণ ও ১ টি পিটিআই পরীক্ষণ বিদ্যালয়সহ সর্বমোট ১১০ টি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নগদ পোর্টালের মাধ্যমে অভিভাবকদের মোবাইলে ২০২১-২০২২ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তি (জুলাই-সেপ্টেম্বর) উপবৃত্তি প্রদানের জন্য বিদ্যালয় পর্যায় হতে নগদ পোর্টালে নতুন ছাত্র-ছাত্রীর এন্ট্রি ও চাহিদা প্রদানের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ১৩৯ জন শিক্ষককে ১৩ গ্রেডে বেতন প্রদান সম্পন্ন হয়েছে। অবশিষ্ট শিক্ষকদের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |

| | |
|---|---|
| **০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, (০১) প্রতিষ্ঠান সমূহের শ্রেণি কার্যক্রম ১২/০৯/২০২১ থেকে পুনরায় শুরু হয়েছে। প্রতিদিন ০৩ টি শ্রেণির পাঠদান চরবে। তবে এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলছে। (০২) ৬ষ্ঠ-৯ম শ্রেণির বাষ্রিক পরীক্ষা ও ১০ম শ্রেণির নির্বাচনী পরীক্ষা ২৪ নভেম্বর থেকে ৩০ নভেম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে। (০৩) সমন্বিত উপবৃত্তির ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির উপবৃত্তি সংশোধনরে কাজ চলছে। (০৪) মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ টি প্রধান শিক্ষকের পদ শুন্য আছে। (০৫) ইউনিক আইডি (UID) প্রদান কার্যক্রম চলমান। (০৬) চাহিদাকৃত তথ্যাদি যথারীতি পাঠানো হচ্ছে। (০৭) এ কার্যালয়ের একজন কর্মকর্তা ও ৩য় শ্রেণির ০১ টি পদ খালি আছে। (০৮) প্রতিষ্ঠান প্রধানগণের সাথে ০২ টি সভা করা হয়েছে। (০৯) পরিদর্শন কার্যক্রম চলমান আছে। (১০) ডেঙ্গু সতর্কতামূলক কার্যক্রমের জন্য প্রতিষ্ঠানকে নির্দেশন দেয়া হয়েছে। সেই সাথে তাদের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| **০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন ও ত্রাণ বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো টি.আর/ কাবিটা কর্মসূচির বরাদ্দ পাওয়া গিয়েছে। ইউনিয়নওয়ারী বিভাজন মোতাবেক প্রকল্প তালিকা পাওয়া গেছে এবং জরুরী ভিত্তিতে তা বাস্তবায়ন করা হবে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| **০৯। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সাংগঠনিক ও ঋণদান কার্যক্রম (মূল ও প্রকল্পসমূহ) যথারীতি চলছে। একই সাথে অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি)- ৩ এর কার্যক্রম সহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| **১০। উপজেলা সমবায় দপ্তর :**<br>উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা- ১৩৮ টি, (প্রাথমিক সমিতি ১৩৪ টি ও কেন্দ্রিয় সমিতি ০৪ টি) অডিট কার্যক্রম যথাযথভাবে চলছে। সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য আছে। ঋণ আদায় কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম যথারীতি পরিদর্শন করা হচ্ছে। ঋণ আদায়ের শতকরা হার ৯৭%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| **১১। উপজেলা যুব উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর জানান যে, চলমান মাসে ঋণ আদায়যোগ্য- ৫,২৪,৭৫৫/- টাকা। চলমান মাসে ঋণ আদায়কৃত- ৫,২৪,৭৫৫/- টাকা। ঋণ আদায়ের হার১০০%। চলতি মাসে প্রশিক্ষণ গ্রহণকারী সংখ্যা ৩০ জন। অন্যান্য কার্যক্রম ভালভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| **১২। উপজেলা সমাজসেবা দপ্তর :**<br>উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |

| | |
|---|---|
| ১৩। **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ১৪। **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br><br>উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, অত্র উপজেলায় PEDP-4, NBIDGPS-1 এবং NBIDNNGPS-1 প্রকল্পের আওতায় ২৬ টি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ/আনুভূমিক সম্প্রসারণ/ উর্দ্ধমূখি সম্প্রসারণ কাজ এবং ১৫টি বিদ্যালয়ের সীমানা প্রাচীর সহ গেট নির্মাণ কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ১৫। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :**<br><br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ১৬। **ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র:**<br><br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর এর নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, মেহেরপুর এসএফএনটিসিএফ কে অনুরোধ করা হয়। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |

৫.০১ **অন্যান্য বিভাগ সমূহের কার্যাবলী :**

| | |
|---|---|
| ০১। **আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :**<br><br>উপজেলা সমম্বয়কারী ও শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার) আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক), মেহেরপুর সদর, সভায় জানান যে, মাসে ঋন বিতরণের লক্ষমাত্রা ৮৩.৭৮, মাসে ঋন বিতরণ ১০২.৩২, মাসে ঋন বিতরণের হার ১২২%, ২০২১-২০২২ অর্থ বছরে ঋন বিতরণের লক্ষ্যমাত্রা ১০০৫.৪১, বছরে ঋন বিতরণ ১৭৪.৬২, লক্ষ্যমাত্রা বিপরীতে বছরের বিতরণের হার ১৭%, ক্রমপুঞ্জিত বিতরণ ২৮৭২.৯১, মাসে আদায় যোগ্য ঋন ৮৩.৭৮, মাসে ঋণ আদায় ৯৮.০৬, মাসে আদায়ের হার ১১৭%, বছরে আদায় যোগ্য ঋন ১০০৫.৪১, বছরে আদায় ১৫৯.৫১, বছরে আদায় ১৭%, ক্রপপুঞ্জিত আদায় ২৭৪৬.৭৯, চলতি বকেয়া ১২১৪.৯৩, বকেয়া খেলাপী ১৭০.৫৪, মোট বকেয়া ১৩৮৫.৪৭ | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমম্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। এ ছাড়াও **উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |

| ০২। তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) : | |
|---|---|
| উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

৫.০১ **বিবিধ:**

**(ক) মেহেরপুর সদর উপজেলা পরিষদ কমপ্লেক্সে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের লক্ষে স্থান নির্বাচন:**

উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ি, ঢাকা মহোদয়ের ০২/০৮/২০২১ খ্রি. তারিখের ১২.০১.০০০০.০০০.১৪.০৪৮.২১/২৩৯১(৬৮৮) নং স্মারকে ডিপিপি মোতাবেক উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের লক্ষে উপজেলা পরিষদ কর্তৃক প্রদেয় ১২০০ বর্গফুট (সম্ভাব্য ২০ফুট x ৬০ফুট) জমি প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ লক্ষে উপজেলা পরিষদের মাষ্টারপ্লানের সাথে সামঞ্জস্য রেখে উপজেলা পরিষদের অভ্যন্তরস্থ উপযুক্ত জায়গায় উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ করার বিষয়ে সদস্যগণ মতামত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:** উপজেলা পরিষদের অভ্যন্তরে উপযুক্ত স্থানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ২.৭৫৫ শতাংশ (সম্ভাব্য ২০ফুট x ৬০ফুট) জায়গা চিহ্নিত করে উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মানের লক্ষে স্থান নির্বাচন করার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়।

**(খ) সিসি টিভি ক্যামেরা ক্রয় সংক্রান্ত :**

সভায় নবনির্মিত উপজেলা পরিষদ ভবনের নিরাপত্তার বিষয় বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সংখ্যক সিসি টিভি ক্যামেরা স্থাপনের এবং অচল ক্যামেরা সচল করার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়। এ লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| ১) উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), মেহেরপুর সদর | আহবায়ক |
| ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ৩) উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর | সদস্য |
| ৫) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর | সদস্য |

**(গ) ভ্রমণ বিল সংক্রান্ত :**

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সেপ্টেম্বর- ২০২১ মাসের ভ্রমণ বিল দাখিল করেছেন। উক্ত ভ্রমণ বিল অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**(ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ০১/০৯/২০২১ হতে ৩০/০৯/২০২১ পর্যন্ত ব্যয় বিবরণী:**

| ক্রম | ব্যয়ের খাত | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সম্মানী আগস্ট- ২০২১ | ৯৯,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের ০১ (এক) জন কর্মচারী তথা মালীর বেতন বাবদ আগস্ট- ২০২১ | ১৬,৫০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের আগস্ট ও সেপ্টেম্বর - ২০২১ মাসের আপ্যায়ন ব্যয় | ৬০,০০০/- |
| ০৪ | উপজেলা পরিষদের পানির ফিল্টার, পরিস্কার করা লেবার, কম্পিউটার মেরামত, এআইআরপি মেরামত, শোক দিবস, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রংকরন ও ইউটিডিসি ভবনের পানির লাইন মেরামত বাবদ ব্যয় | ১,৫১,৯৭৫ |
| ০৫ | উপজেলা পরিষদের আনুষঙ্গিক ব্যয় আগস্ট ও সেপ্টেম্বর- ২০২১ মাসের | ১০,০০০/- |

| ক্রম | ব্যয়ের খাত | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০৬ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের জুলাই ও আগস্ট- ২০২১ মাসের ভ্রমণ বিল বাবদ প্রদান | ২৮,০৩৬/- |
| ০৭ | উপজেলা পরিষদের জীপ গাড়ী মেহেরপুর ঘ- ১১-০০১১ এর মবিল ডেন সংশ্লিষ্ট ও গাড়ীর ব্যাটারী ক্রয় বাবদ | ২৪,৮৪০/- |
| ০৮ | উপজেলা পরিষদের ইউটিডিসি ভবনের বিভিন্ন ধরনের মেরামত ও ইলেকট্রিক কাজের বিল | ৫৫,৬৯৬/- |
| | সর্বমোট ব্যয় = | ৪,৪৬,০৪৭/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/১০/২১

(মোঃ ইয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৭৮৭.০০০.০০৬.০১৪.২০১৯-৮৯১(৩০)

তারিখ : ০৮ কার্তিক ১৪২৮ / ২৪ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ও সংসদ সদস্য, ৭৩ মেহেরপুর -১
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বয়রা, খুলনা
০৬। জেলা প্রশাসক, মেহেরপুর

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৭। ...........................................................................
...........................................................................

২৪/১০/২০২১

(আসাদুজ্জামান বিপন)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেরপুর সদর

## পরিশিষ্ট "ক"

| ক্রং নং | সদস্যের নাম/ পদবী | উপস্থিত | অনুপস্থিত | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব আসাদুজ্জামান রিপন<br>উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর । | উপস্থিত | - | unomeherpur@ mopa. gov·bd | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ মাহফুজুর রহমান (রিটন)<br>মেয়র, মেহেরপুর পৌরসভা পক্ষে প্যানেল মেয়র | - | অনুপস্থিত | | - |
| ০৩ | জনাব মোঃ মোমিনুল ইসলাম<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর। | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাঃ লতিফুন নেছা লতা<br>মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, মেহেরপুর সদর | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ সহিদুল আলম<br>চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | nahid.news635@gmail.com | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ শাহ্জামান<br>চেয়ারম্যান, বুড়িপোতা ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | jamanupchairman@gmail.com | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ বোরহান উদ্দীন আহাম্মেদ<br>চেয়ারম্যান, আমঝুপি ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | zestamj@gmail.com | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আনারুল ইসলাম<br>চেয়ারম্যান, আমদহ ইউনিয়ন পরিষদ। | উপস্থিত | - | amdahup26@gmail.com | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ আব্দুস সামাদ বাবলু বিশ্বাস<br>চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | alhajtitu@gmail.com | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদর। | উপস্থিত | - | meherpursadar@uhfp0.dghs.gov. | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | uaosadarmeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর। | উপস্থিত | - | ue.meherpur.s@lged.gov.bd | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মেহেরপুর সদর। | উপস্থিত | - | sharifd1s1975@gmail.com | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর । | উপস্থিত | - | ueommeherpursadar@<br>gmail.com | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | useo.meherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | ufpomeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | usso.meherpursadar@dss.gov.bd | স্বাক্ষরিত |
| ১৮ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপর সদর। | উপস্থিত | - | meherpursufo@gmail.com | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | pio.nahida@yahoo.com | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২২ | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর। | - | অনুপস্থিত | | -- |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৫ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |